

অতিরিক্ত
নির্বাচন অধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১(অংশ-১)- ৭৭০

তারিখ : ২১ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ।
০৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ ভালুকা উপজেলার ১০ নং হবিরবাড়ী ইউনিয়ন পরিষদের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক ময়মনসিংহ কার্যালয়ের স্মারক নং-৬৪৮, তারিখঃ ২৩/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার ১০নং হবিরবাড়ী ইউনিয়ন পরিষদের সীমানা জটিলতা নিয়ে জনৈক বেনজিট ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে ৫৩৫০/২০১৬ নং রীট মোকদ্দমা দায়ের করেন এবং তাতে স্থগিতাদেশের কারণে ০৪ জুন, ২০১৬ তারিখে নির্বাচন স্থগিত হয়। ০২/০৮/২০১৬ তারিখে উক্ত স্থগিত আদেশ প্রত্যাহার করা হয়েছে। উক্ত রীটের আদেশে বলা হয়েছে যেহেতু ডিলিমিটেশন কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়ে গেজেট আকারে প্রকাশিত হয়েছে সেহেতু উক্ত রীটের প্রেক্ষিতে জারীকৃত রুলের কোন কার্যকারিতা নেই (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, ময়মনসিংহ এর পত্রের মর্মানুযায়ী ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার ১০নং হবিরবাড়ী ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পত্রের ছায়াঙ্কিপি এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে-বাংলানগর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।